তৃতীয় অধ্যায়

নিরাপদ ও নৈতিক ব্যবহার

## Safe & Moral Uses

**পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি**

- অসচেতনভাবে প্রযুক্তি ব্যবহার করলে সেটা অনেক বড় বিপদ বয়ে আনতে পারে। ইন্টারনেট ব্যবহারে কখনো অপরিচিত মানুষকে নিজের পরিচয়, নাম, ঠিকানা আর পাসওয়ার্ড দিতে হয় না।
- কোনো কিছু ভালোলাগা ও আসক্তি দুটি সম্পূর্ণ ভিন্ন ব্যাপার। কেউ যখন কোনো কিছুর প্রতি আসক্ত হয়ে যায় তখন তার কাছে কোনো যুক্তি কাজ করে না। একবার আসক্ত হয়ে গেলে সেখান থেকে বের হওয়া অসম্ভব কঠিন। তাই সবচেয়ে ভালো উপায় হচ্ছে কোনোকিছুতেই কোনোভাবেই আসক্ত না হওয়া।
- সামাজিক নেটওয়ার্ক ব্যবহার করে আজকাল মানুষজন একে অন্যের সাথে সম্পর্ক বা যোগাযোগ রাখে। তবে সামাজিক নেটওয়ার্কের বন্ধু আর সত্যিকারের বন্ধুর মাঝে অনেক পার্থক্য রয়েছে।
- পৃথিবীর বিভিন্ন দেশে সৃজনশীল সৃষ্টিকর্মের কপি বা পুনরুৎপাদন, অবৈধ ব্যবহার ইত্যাদি বন্ধের জন্য আইনের বিধান রাখা হয়। এই আইন কপি বা পুনরুৎপাদনের অধিকার সংরক্ষণ নিয়ে তৈরি তাই এটিকে কপিরাইট আইন বলে।
- অনৈতিকভাবে নিরাপত্তা বেষ্টনীকে পাশ কাটিয়ে কোনো ওয়েবসাইটে অনুপ্রবেশ করে কোনোরূপ ক্ষতিসাধন করাই হলো হ্যাকিং। বুদ্ধিমত্তা পরীক্ষা করতে বা বড় কোনো চ্যালেঞ্জের মুখোমুখি হতে সবারই ইচ্ছে করে কিন্তু ওয়েবসাইট হ্যাকিং সেরকম কোনো চ্যালেঞ্জ নয়।
- সাইবার অপরাধীরা তাদের বিশ্বাসকে ইন্টারনেটের ভেতর দিয়ে প্রচার করে হিংসা-বিদ্বেষ ছড়িয়ে দেয়ার চেষ্টা করে। সারা পৃথিবীতে এজন্য আইন পাস করা হচ্ছে।
- ইন্টারনেট থেকে প্রাপ্ত তথ্য সরাসরি নিজের নামে চালিয়ে দেওয়াকে বলা হয় প্লেজারিজম। যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সাংবাদিক ফরিদ জাকারিয়াকে প্লেজারিজমের অভিযোগে তাঁর দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়।

**বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**১. বাড়িতে কম্পিউটার রাখার সবচেয়ে সুবিধাজনক স্থান কোনটি?**

● বসার ঘর ⓦ শোয়ার ঘর ⓖ খাবার ঘর ⓓ পড়ার ঘর

**২. সামাজিক নেটওয়ার্কের ক্ষেত্রে—**

i. ব্যক্তির সাথে সরাসরি যোগাযোগ নাও হতে পারে

ii. আন্তরিকতার অভাব থাকে

iii. প্রতারিত হওয়ার সম্ভাবনা থাকে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩. কম্পিউটারে আসক্ত একজন ব্যক্তি—**

● অসামাজিক হয়ে যেতে পারে

ⓦ কম্পিউটারে দক্ষ হতে পারে

ⓖ লেখাপড়ায় ভালো হতে পারে

ⓓ জ্ঞান-বিজ্ঞানে উন্নতি করতে পারে

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও :**

রিমুর বয়স পাঁচ। ইদানীং ঘুম থেকে উঠেই সে টেলিভিশনে কার্টুন দেখতে শুরু করে। এ সময় সে বাবা-মাকে বিরক্ত করে না বলে বাবা-মাও বেশ খুশি।

**৪. রিমুর ক্ষেত্রে কার্টুন দেখাকে বলা যায়—**

ⓚ সময় কাটানো ⓦ প্রয়োজন মেটানো

● কার্টুনের প্রতি আসক্তি ⓓ আনন্দ উপভোগ করা

**৫. রিমুর প্রতি বাবা-মার আচরণে সে—**

i. অসামাজিক হয়ে উঠতে পারে

ii. শারীরিকভাবে দুর্বল হয়ে বেড়ে উঠতে পারে

iii. সৃজনশীল মানুষ হিসেবে গড়ে উঠতে পারে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓦ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**পাঠ ১৯ : সচেতন ব্যবহার ■ পৃষ্ঠা ৩৮ ও ৩৯**

**সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

**৬. তথ্য প্রযুক্তি ভুলভাবে ব্যবহার করলে কী হতে পারে?** (অনুধাবন)

ⓚ কম্পিউটারের ক্ষতি ⓦ ছোট খাটো সমস্যা

● অনেক বড় ধরনের সর্বনাশ ⓓ বিশাল আর্থিক ক্ষতি

**৭. আমরা তথ্য প্রযুক্তি কীভাবে ব্যবহার করব?** (অনুধাবন)

ⓚ নিজেদের ইচ্ছে মতো ⓦ নিজেদের সুবিধা অনুযায়ী

ⓖ গোপনীয়তা রক্ষা করে ● খুব সচেতনভাবে

**৮. অনেকের কাছে কোনটি কম্পিউটারের মূল ব্যবহার হয়ে দাঁড়িয়েছে?** (জ্ঞান)

ⓚ গেমস খেলা ⓦ ছবি দেখা

● ইন্টারনেট ব্যবহার করা ⓓ নিয়োগ বিজ্ঞপ্তি দেখা

**৯. লিমন সাইবার জগৎ থেকে সুন্দর কিছু উপভোগ করতে চায়। এজন্য তাকে কোন মাধ্যমটি ব্যবহার করতে হবে?** (প্রয়োগ)

ⓚ টেলিফোন ⓦ মেইল ⓖ সফটওয়্যার ● ওয়েবসাইট

**১০. মাঈন সপ্তম শ্রেণিতে পড়ে। নিজেকে বিপদমুক্ত রাখতে তার কোন জিনিসটি দেখা থেকে বিরত থাকা উচিত?** (প্রয়োগ)

ⓚ ভিডিও গেম ⓦ কার্টুন

ⓖ চমৎকার ওয়েবসাইট ● বিপজ্জনক ওয়েবসাইট

**১১. ইন্টারনেটে অপরিচিত মানুষদের সাথে যোগাযোগ করা ঝুঁকিপূর্ণ কেন?** (প্রয়োগ)

ⓚ অনেক রকম সুবিধা হতে পারে ● নানা রকম বিপদ হতে পারে

ⓖ নতুন সম্পর্ক সৃষ্টি হতে পারে ⓓ পুরনো সম্পর্ক নষ্ট হতে পারে

**১২. সোহাগ কোনো ধরনের সমস্যায় না জড়িয়ে ইন্টারনেট ব্যবহার করতে চাইলে তাকে কয়টি নিয়ম মেনে চলতে হবে?** (প্রয়োগ)

● ৩ ⓑ ৪ ⓖ ৫ ⓓ ৭

**১৩. আমরা কেন ইন্টারনেট ব্যবহার করব?** (অনুধাবন)

● আনন্দের জন্য ⓑ ক্ষতি করার জন্য
ⓖ অশালীন হওয়ার জন্য ⓓ রূঢ় হওয়ার জন্য

**১৪. ইন্টারনেট ব্যবহারের সময় কাকে নাম ঠিকানা ছবি দেওয়া অনুচিত?** (জ্ঞান)

ⓚ বন্ধুকে ⓑ আত্মীয় স্বজনকে
ⓖ পরিচিত মানুষকে ● অপরিচিত মানুষকে

**১৫. নিয়ম মেনে ইন্টারনেট ব্যবহার করার সুবিধা কোনটি?** (অনুধাবন)

ⓚ বেশি আনন্দ পাওয়া যায় ⓑ দুঃখ ভুলে থাকা যায়
● সমস্যা থেকে দূরে থাকা যায় ⓓ খারাপ বন্ধুদের এড়িয়ে চলা যায়

**১৬. অসৎ লোকজন ইন্টারনেটে কেন হানা দেয়?** (অনুধাবন)

ⓚ অর্থ উপার্জন করতে ⓑ ইন্টারনেটের উন্নয়ন ঘটাতে
ⓖ অন্যের উপকার করতে ● অন্যের ক্ষতি করতে

**১৭. ইন্টারনেটে যোগাযোগের ক্ষেত্রে কেউ কাউকে দেখতে পায় না। এরূপ দেখতে না পাওয়ার নেতিবাচক দিক কোনটি?** (উচ্চতর দক্ষতা)

ⓚ সম্পর্ক দীর্ঘস্থায়ী হয় না ⓑ কথাবার্তায় আন্তরিকতা থাকে না
● কথাবার্তায় শালীনতা ছাড়িয়ে যায় ⓓ পুরনো বন্ধুত্বের মাঝে চিড় ধরে

**১৮. জীবনের সবকিছুই কী অনুযায়ী হওয়া উচিত?** (অনুধাবন)

ⓚ ইচ্ছা ● বয়স ⓖ আইন ⓓ যুগ

**১৯. ইন্টারনেটে কী করা অনুচিত?** (অনুধাবন)

ⓚ ভালো আচরণ ● অশালীন আচরণ
ⓖ বন্ধুত্বসুলভ আচরণ ⓓ সংযত আচরণ

**২০. কোন ধরনের ওয়েবসাইট আমাদের দেখা উচিত নয়?**
[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল]

● বিপজ্জনক ওয়েবসাইট ⓑ অননুমোদিত ওয়েবসাইট
ⓖ অন্যের ওয়েবসাইট ⓓ ভাইরাস আক্রান্ত ওয়েবসাইট

**২১. ছোটদের কখনো একা অন্যদের চোখের আড়ালে কী ব্যবহার করতে নেই?** [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল]

● ইন্টারনেট ⓑ বিপজ্জনক যন্ত্র ⓖ বিদ্যুৎচালিত যন্ত্র ⓓ দামী মোবাইল

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২২. যে জিনিসগুলো ব্যবহারে সচেতন হওয়া প্রয়োজন—** (অনুধাবন)

i. কম্পিউটার ii. ইন্টারনেট iii. তথ্য প্রযুক্তি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**২৩. ইন্টারনেটে রয়েছে—** (অনুধাবন)

i. চমৎকার ওয়েবসাইট ii. বিপজ্জনক ওয়েবসাইট
iii. অসামাজিক ওয়েবসাইট

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**২৪. সেলিনা যোগাযোগের ক্ষেত্রে ইন্টারনেট ব্যবহার করে। তাই তার সাথে যোগাযোগ হতে পারে—** (উচ্চতর দক্ষতা)

i. পরিচিত মানুষের ii. অপরিচিত মানুষের
iii. পুরনো বন্ধুদের

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**২৫. ইন্টারনেটে যোগাযোগের ক্ষেত্রে অনেক সময় অনেক অপরিচিত মানুষজনের সাথে বন্ধুত্ব তৈরি হয়। এ ধরনের বন্ধুদের যা দেওয়া অনুচিত—** (উচ্চতর দক্ষতা)

i. টাকা পয়সা ii. নিজের পাসওয়ার্ড
iii. নিজের নাম-ঠিকানা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**২৬. বয়সের অনুপযোগী কোনো জিনিস আমাদের সামনে চলে এলে –** (অনুধাবন)

i. আমরা রীতিমতো ধাক্কা খেতে পারি
ii. আমাদের মনে সন্দেহ জাগতে পারে
iii. আমাদের মন বিষিয়ে যেতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**২৭. সত্যিকার জীবনে আমরা সাধারণত—** (অনুধাবন)

i. রূঢ় হই ii. অশালীন আচরণ করি না
iii. সংযত থাকার চেষ্টা করি

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**২৮. আমরা ইন্টারনেট ব্যবহার করব–** (অনুধাবন)

i. সবার চোখের আড়ালে ii. সবার চোখের সামনে
iii. কম্পিউটারের স্ক্রিন সবাইকে দেখিয়ে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓑ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**২৯. ইন্টারনেট ব্যবহারে যে নিয়মগুলো মেনে চলা আবশ্যক—** (অনুধাবন)

i. কম্পিউটারের স্ক্রিন সবাইকে দেখিয়ে ইন্টারনেট ব্যবহার করা
ii. অপরিচিত মানুষকে নিজের নাম, পরিচয় বা ছবি না দেওয়া
iii. ইন্টারনেট ব্যবহার করে কারও ক্ষতির চেষ্টা করব না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩০. ইন্টারনেটে অন্যের সাথে আমরা–** (উচ্চতর দক্ষতা)

i. রূঢ় হব না ii. অসংযত হব না
iii. অশালীন হব না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓑ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩১. **ইন্টারনেটে অপরিচিত লোককে—** [পিএনসর. বালি.উ.বিদ্যা., রাজশাহী]

i. নিজের পরিচয় দিতে হয় না ii. নাম–ঠিকানা দিতে হয় না

iii. পাসওয়ার্ড দিতে হয় না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩২. **ইন্টারনেটে অপরিচিত মানুষের সাথে যোগাযোগ করলে—**

i. ৰতি হতে পারে

ii. জগৎ সম্পর্কে জানা যেতে পারে

iii. কথাবার্তা অসংযত ও শালীনতা ছাড়িয়ে যেতে পারে

**নিচের কোনটি সঠিক?** (উচ্চতর দৰতা)

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৩৩. **ইন্টারনেটে যাদের সাথে যোগাযোগ হয়—**[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল]

i. পরিচিত লোকের সাথে ii. সম্পূর্ণ অপরিচিত লোকের সাথে

iii. অল্প পরিচিত লোকের সাথে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও :**

সপ্তম শ্রেণিতে ওঠার পর হিরার বড় ভাই হিরার কম্পিউটারে ইন্টারনেট সংযোগ লাগিয়ে দেয়। ইন্টারনেট ব্যবহার করে হিরা যাতে কোনো সমস্যার সম্মুখীন না হয় সেজন্য সে হিরাকে তার কম্পিউটারটি পড়ার ঘর থেকে বসার ঘরে নিয়ে যেতে বলল।

৩৪. **কম্পিউটার বসার ঘরে আনার মধ্য দিয়ে হিরার মনে কোন ভাবটি প্রকাশ পেয়েছে?** (উচ্চতর দৰতা)

ⓚ ইন্টারনেট ব্যবহারে গোপনীয়তা ● ইন্টারনেট ব্যবহারে সচেতনতা

ⓖ কম্পিউটার ব্যবহারে সচেতনতা ⓘ ওয়েবসাইট ব্যবহারে সচেতনতা

৩৫. **হিরা ইন্টারনেট ব্যবহার করবে—** (প্রয়োগ)

i. আনন্দ লাভের জন্য

ii. চমৎকার ওয়েবসাইট উপভোগ করার জন্য

iii. পরিচিত মানুষদের সাথে যোগাযোগ করার জন্য

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দাও :**

সিয়াম ও রাজন একই স্কুলে সপ্তম শ্রেণিতে পড়ে। তাদের দুজনের বাসাতেই কম্পিউটার আছে এবং তারা উভয়ে ইন্টারনেট ব্যবহার করে। সিয়াম একদিন রাজনকে তার ঘরে একাকী ইন্টারনেট ব্যবহার করতে দেখে তাকে ইন্টারনেট ব্যবহারের নিয়মগুলো জানিয়ে দেয়।

৩৬. **সিয়াম রাজনকে বিরত থাকতে বলে—** (প্রয়োগ)

i. অপরিচিত কাউকে নাম, পরিচয় দেওয়া থেকে

ii. অপরিচিত কারো সাথে যোগাযোগ করতে

iii. অপরিচিত কারো সাথে রূ ঢ় না হতে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓘ i, ii ও iii

৩৭. **সম্ভাব্য সমস্যা এড়াতে সিয়াম রাজনকে কোন নিয়মটি মেনে চলতে পরামর্শ দিয়েছে?** (উচ্চতর দৰতা)

ⓚ একাকী ইন্টারনেট ব্যবহার করতে

ⓛ অন্যের চোখের আড়ালে ইন্টারনেট ব্যবহার করতে

● অন্যের চোখের সামনে ইন্টারনেট ব্যবহার করতে

ⓘ ইন্টারনেট ব্যবহার থেকে পুরোপুরি বিরত থাকতে

### পাঠ ২০–২২ : আসক্তি ■ পৃষ্ঠা ৪০ - ৪৪

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৮. **গেমে আসক্তির কারণে নিজের সন্তান বিক্রির অপরাধে চীন দেশ থেকে দু'জনকে গ্রেফতার করা হয় কত সালে?**[ডা. খাস্তগীর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ⓚ ২০০৭ ⓛ ২০০৮ ● ২০০৯ ⓘ ২০১০

৩৯. **MMO–এর পূর্ণরূপ কী?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ⓚ Massively Multimedia Online game

● Massively Multiplayer Online game

ⓖ Many Many Online game

ⓘ Massively Multiplayer game

৪০. **MMO কী?** [পি. এন সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রাজশাহী]

ⓚ এক প্রকার সিডি ⓛ ভিসিডির আধুনিক ভার্সন

● এক ধরনের কম্পিউটার গেম ⓘ কম্পিউটার ভাইরাস মারার টিপস

৪১. **কম্পিউটার গেমে আসক্তি জন্মালে কী হতে পারে?** (অনুধাবন)

ⓚ সাধারণ কাণ্ডজ্ঞান বৃদ্ধি ● সাধারণ কাণ্ডজ্ঞান উধাও

ⓖ প্রয়োজনীয় জ্ঞানের প্রসার ⓘ প্রয়োজনীয় চিন্তাশক্তির অভাব

৪২. **কেউ যখন কোনো কিছুতে আসক্ত হয়ে পড়ে তখন কী ঘটে?** (অনুধাবন)

ⓚ সে যুক্তি দিয়ে কাজ করতে পারে

ⓛ সে কিছুটা অযৌক্তিকভাবে কাজটি করে

● তার কাছে কোনো যুক্তি কাজ করে না

ⓘ কাজটি করার জন্য তার যুক্তি প্রয়োজন হয়

৪৩. **কেউ কোনো কাজে আসক্ত হলে সে সেই কাজটি কীভাবে করে?** (অনুধাবন)

ⓚ আনন্দের সাথে ⓛ অতি উৎসাহের সাথে

ⓖ যুক্তি সহকারে ● সম্পূর্ণ অযৌক্তিকভাবে

৪৪. **কম্পিউটার গেম বিনোদনের একটা চমৎকার মাধ্যম। এই মাধ্যমটি ব্যবহারের ক্ষেত্রে কোন বিষয়ে সতর্ক থাকা একান্ত আবশ্যক?** (উচ্চতর দৰতা)

ⓚ ছোটরা যাতে এরূ প বিনোদনে অংশ না নেয়

ⓛ গেম উপভোগের সময় কেউ যেন পাশে না থাকে

ⓖ আমরা যেন গেমটি বেশি উপভোগ করতে না পারি

● আমরা যেন গেমটিতে কোনোভাবেই আসক্ত হয়ে না পড়ি

**৪৫. কেউ কোনো বিষয়ে আসক্ত হয়েছে কিনা তা বোঝা কী?** (অনুধাবন)
ক খুব সহজ কাজ খ খুব কঠিন কাজ
● মোটেও কঠিন কাজ নয় ঘ অত্যন্ত কঠিন ও জটিল কাজ

**৪৬. কেউ যদি কোনো কাজে মাত্রা ছাড়িয়ে যায় তাহলে আমরা কী বুঝব?** (অনুধাবন)
ক সে সেই কাজে অধিক পারদর্শী খ সে সেই কাজে অধিক আগ্রহী
● সে সেই কাজে আসক্ত হয়েছে ঘ সে সেই কাজে মনোযোগী হয়েছে

**৪৭. ছোট শিশুরা সহজেই কিসে আসক্ত হয়?** (জ্ঞান)
ক খেলাধুলায় খ পড়ালেখায় গ গানে ● কার্টুনে

**৪৮. তিন বছর বয়সী ইলা কার্টুনের প্রতি প্রচন্ড আসক্ত। এ কারণে তার কোন সমস্যাটি হতে পারে?** (প্রয়োগ)
ক শারীরিক বিকাশ ব্যাহত হতে পারে খ শারীরিক বিকাশ দ্রবত হতে পারে
● মানসিক বিকাশে সমস্যা হতে পারে ঘ মানসিক বিকাশ দ্রবত ঘটতে পারে

**৪৯. বর্তমান সময়ে কোনটি আসক্তির আওতাভুক্ত?** (অনুধাবন)
ক খেলাধুলা করা খ ইন্টারনেট ব্যবহার করা
গ কম্পিউটারে গেম খেলা ● অতিরিক্ত কম্পিউটার ব্যবহার করা

**৫০. যারা খুব বেশি ইন্টারনেট ব্যবহার করে তাদেরকে কী বলে?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ক DIA খ IDA ● IAD ঘ DAL

**৫১. IAD শব্দটি কোনটির সাথে সম্পর্কিত?** (অনুধাবন)
ক জুয়া খেলার নেশা খ মাদক ব্যবহারের নেশা
গ বেশি কম্পিউটার ব্যবহারের নেশা ● বেশি ইন্টারনেট ব্যবহারের নেশা

**৫২. IAD–এর পূর্ণরূপ কী?** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ক Internate Admission Dictionary
খ Internat Admission Diary
গ Internate Addiction Disorder
● International Addiction Disorder

**৫৩. কম্পিউটার আসক্তির কুফল কী হতে পারে?** (অনুধাবন)
ক মাঠে ঘাটে ছোটাছুটি করে সময় নষ্ট
খ কম্পিউটারের কোন নতুন প্রোগ্রাম আবিষ্কার
গ কম্পিউটার গেমের মাধ্যমে সৃজনশীলতা হ্রাস
● কম্পিউটারের বাইরে চিন্তা করতে না পারা

**৫৪. কোনটি খুব কঠিন কাজ?** (অনুধাবন)
ক কম্পিউটার গেম খেলা খ কম্পিউটার ব্যবহার করা
গ ইন্টারনেট ব্যবহার করা ● যেকোনো আসক্তি থেকে বের হওয়া

**৫৫. কম্পিউটার কিরূপ যন্ত্র?** (জ্ঞান)
ক গণনাকারী খ বিপজ্জনক ● খুব চমৎকার ঘ অত্যন্ত দামি

**৫৬. আমরা কেন কম্পিউটার ব্যবহার করব?** (অনুধাবন)
ক আসক্তি জন্মাতে ● প্রয়োজন মেটাতে
গ অন্যের ৰতি করতে ঘ আমাদের ব্যবহারের সুযোগ দিতে

**৫৭. কোনটি সামাজিক যোগাযোগ নেটওয়ার্ক?** [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]
ক মেইনবুক খ ক্লাশবুক ● ফেসবুক ঘ মূলবুক

**৫৮. একটা নির্দিষ্ট বয়স না হওয়া পর্যন্ত সাধারণত কোথায় যোগ দেওয়া যায় না?** (জ্ঞান)
ক পড়াশোনায় খ কম্পিউটার গেমে
গ কম্পিউটার নেটওয়ার্কে ● সামাজিক যোগাযোগ নেটওয়ার্কে

**৫৯. কমবয়সীরা কীভাবে সামাজিক নেটওয়ার্কে যোগ দেয়?** (অনুধাবন)
ক বড়দের সহায়তা নিয়ে খ নিজেকে শিৰার্থী পরিচয় দিয়ে
● নিজের সম্পর্কে ভুল তথ্য দিয়ে ঘ নিজের সম্পর্কে সঠিক তথ্য দিয়ে

**৬০. লিখনের বয়স বার বছর। তার ভালোর জন্য তার বাবা–মায়ের কোন বিষয়ে বাধা দেওয়া প্রয়োজন?** (প্রয়োগ)
ক টেলিভিশন দেখায় খ খবরের কাগজ পড়ায়
গ খেলাধুলা করায় ● সামাজিক নেওটয়ার্ক ব্যবহারে

**৬১. সামাজিক নেটওয়ার্কের বন্ধু আর সত্যিকারের বন্ধুর মাঝে কী আছে?** (জ্ঞান)
ক অনেক মিল ● অনেক পার্থক্য গ অনেক শত্রবতা ঘ সামান্য গরমিল

**৬২. সামাজিক নেটওয়ার্ক বন্ধুত্ব বলতে কী বোঝায়?** (অনুধাবন)
ক একজন আরেকজনের সাথে খেলাধুলা করা
খ একজন আরেকজনের সাথে কথা বলা
● একজন আরেকজনের কাছে তথ্য পাঠানো
ঘ একজন আরেকজনকে দেখা

**৬৩. কম বয়সী ছেলেমেয়েদের গোপন অংশে অবৈধভাবে ঢুকে পড়াকে কী বলা হয়?** [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]
ক বেশি পরিমাণ খাদ্য গ্রহণ খ অধিক পরিমাণে বিশ্রাম নেওয়া
● নিয়মিত ঘরের বাহিরে গিয়ে খেলাধুলা করা
ঘ ঘরের ভেতর কম্পিউটার নিয়ে বসে থাকা

**৬৪. কম্পিউটারে আসক্ত ব্যক্তি হতে পারে–** [গভঃ মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম]
● কম্পিউটারে দৰ খ বুদ্ধিমান
গ অসমাপিকা ঘ জ্ঞানবিজ্ঞানের উন্নত

**৬৫. যারা ইন্টারনেটে আসক্ত তাদের কী নাম দেওয়া হয়েছে?** [গভঃ মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম]
ক IFAD ● IAD গ SIFAT ঘ RFAT

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৬. কেউ যখন কোনো কিছুতে আসক্ত হয়ে যায় তখন–** (অনুধাবন)
i. তার কাছে কোনো যুক্তি কাজ করে না
ii. সে যৌক্তিকভাবে কাজটি বারবার করে
iii. সে নিজের জীবনে ধ্বংস ডেকে আনে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii ● i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**৬৭. মৌয়ের বয়স পাঁচ বছর। সে কার্টুনে আসক্ত হলে –** (প্রয়োগ)
i. তার বাবা–মা সহজেই বুঝতে পারবে
ii. সে কার্টুন ছাড়া আর কিছু বুঝতে পারবে না
iii. তার মানসিক বিকাশে বড় ধরনের সমস্যা হবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**৬৮. একজন মানুষের আসক্তি জন্মাতে পারে—** (অনুধাবন)

i. খাবারে ii. কার্টুনে iii. কম্পিউটার গেমে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৬৯. **বর্তমানে আসক্তি শব্দটি ব্যবহার করা হয়–** (প্রয়োগ)
i. জুয়া খেলায় ii. মাদক ব্যবহারে
iii. কম্পিউটার ব্যবহারে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭০. **সপ্তম শ্রেণিতে ওঠার পর মিরণকে তার বাবা একটি কম্পিউটার কিনে দিল। সে যদি এর ব্যবহারের প্রতি আসক্ত হয়ে পড়ে তাহলে–** (প্রয়োগ)
i. বন্ধুদের সাথে সময় কাটাবে
ii. কম্পিউটারে মাথা গুঁজে বসে থাকবে
iii. কম্পিউটারের পেছনে মা–বাবার টাকা খরচ করবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓖ i, ii ও iii

৭১. **সামন্তর বয়স আট বছর। সুস্থভাবে বেড়ে ওঠার জন্য প্রয়োজন–** (অনুধাবন)
i. দীর্ঘৰণ কম্পিউটার গেম খেলা ii. নিয়মিত খেলাধুলা করা
iii. মাঠে ছোটাছুটি করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓖ i, ii ও iii

৭২. **কম্পিউটার আসক্ত হলে–** (অনুধাবন)
i. কাজকর্মে ৰতি হয় ii. লেখাপড়ায় সমস্যা হয়
iii. স্বাস্থ্যের ৰতি হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৩. **লায়লা কম্পিউটারে গেম খেলতে খেলতে এর প্রতি আসক্ত হয়ে পড়েছে। এজন্য সে এখন–** (প্রয়োগ)
i. ঠিকমতো পড়ালেখা করে
ii. কম্পিউটারের বাইরে চিন্তা করতে পারে না
iii. কম্পিউটারের পেছনে নিজের ও বাবা মায়ের টাকা খরচ করে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓖ i, ii ও iii

৭৪. **সামাজিক নেটওয়ার্ক ব্যবহার করে আমরা–** (প্রয়োগ)
i. সাধারণ জনগণকে সংগঠিত করতে পারি
ii. স্বৈরশাসকের বিরবদ্ধে আন্দোলন শুরব করতে পারি
iii. মুহূর্তের মধ্যে অসংখ্য মানুষের কাছে তথ্য পাঠাতে পারি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৫. **আমাদের ব্যবহৃত সামাজিক নেটওয়ার্ক হলো–** (অনুধাবন)
i. ফেসবুক ii. টুইটার iii. সুমাজি
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৬. **তথ্য প্রযুক্তি জগতে সামাজিক নেটওয়ার্কের ব্যবহার–** (উচ্চতর দৰতা)
i. মানুষজনকে অসামাজিক করে তুলতে পারে
ii. মানুষের মধ্যে গভীর বন্ধুত্ব সৃষ্টি করতে পারে
iii. মানুষকে জীবনকে অনেক বড় কিছু থেকে বঞ্চিত করতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

৭৭. **কম্পিউটারে আসক্তি হওয়ার ফলে–**
i. কাজ কর্মে ৰতি হয় ii. লেখাপড়ায় সমস্যা হয়
iii. মানসিক বিকাশ ব্যবহত হয়
**নিচের কোনটি সঠিক?** [পিএন সর.বালি.উ.বি., রাজশাহী]
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৮. **ছেলেমেয়েরা আসক্ত হতে পারে–**
i. কার্টুন চ্যানেলে ii. কম্পিউটার গেমে
iii. বিশেষ ধরনের খাবারে
**নিচের কোনটি সঠিক?** []
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৭৯. **চীনা দম্পতি সন্তানদের বিক্রি করে দিয়েছিলেন–**[আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল]
i. মাদকের টাকা সংগ্রহের জন্য ii. কম্পিউটার গেমস খেলার জন্য
iii. সংসারের খরচ চালানোর জন্য
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ● ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৮০ ও ৮১ নং প্রশ্নের উত্তর দাও :**
সপ্তম শ্রেণিতে ওঠার পর শেলীর বড় ভাই ফেসবুকে শেলীর নামে একটি প্রোফাইল খুলে দিয়েছে যাতে সে প্রয়োজনে তার বন্ধুদের সাথে যোগাযোগ করতে পারে। কিন্তু শেলী এখন দিনের বেশিরভাগ সময় ফেসবুকে বসে সময় কাটায়।

৮০. **শেলী ফেসবুকে সময় কাটায়–** (প্রয়োগ)
i. পরিচিত মানুষদের সাথে ii. অর্ধপরিচিত মানুষদের সাথে
iii. অপরিচিত মানুষদের সাথে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

৮১. **শেলীর বাবা–মায়ের যা করণীয়—** (উচ্চতর দৰতা)
ⓚ শেলীকে টেলিভিশন দেখতে বাধা দেওয়া
ⓚ শেলীকে খবরের কাগজ পড়তে নিষেধ করা
ⓖ শেলীকে কম্পিউটার ব্যবহার করতে না দেওয়া
● শেলীকে সামাজিক নেটওয়ার্কে যোগ দিতে বাধা দেওয়া

## পাঠ : ২৩ : কপিরাইট ■ পৃষ্ঠা ৪৫ ও ৪৬

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৮২. **মানুষের জীবনযাপনে কয় ধরনের সম্পদ প্রয়োজন হয়?** (জ্ঞান)
● দুই ⓚ তিন ⓖ চার ⓖ পাঁচ

৮৩. **বুদ্ধিবৃত্তিক কাজের মাধ্যমে কী করা হয়?** (অনুধাবন)
ⓚ সম্পদ ধ্বংস করা হয় ⓚ জাগতিক সম্পদ সৃষ্টি করা হয়
● বুদ্ধিভিত্তিক সম্পদ সৃষ্টি করা হয় ⓖ জাগতিক সম্পদ ধ্বংস করা হয়

৮৪. **বই ছাপানো, বাঁধানো বাবদ ও অন্যান্য সব খরচ ধরে বিক্রেতা কী নির্ধারণ করেন?** (অনুধাবন)

ⓚ ক্রয়মূল্য ● বিক্রয়মূল্য ⓖ পরিবহনমূল্য ⓖ রয়্যালটি

৮৫. **বইয়ের বিক্রয়মূল্যের যে অংশ লেখক পান তাকে কী বলে?** (জ্ঞান)

ⓚ মুনাফা ⓚ লাভ ● রয়্যালটি ⓖ প্রোপার্টি

৮৬. **কোন যন্ত্রের আবিষ্কার বই কপি করাকে সহজ করে দিয়েছে?** (জ্ঞান)

ⓚ টেলিফোন ⓚ ফ্যাক্স ⓖ টেলেক্স ● মুদ্রণযন্ত্র

৮৭. **কোন দেশে প্রথম কপিরাইট আইন পার্লামেন্টে পাশ হয়?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর]

ⓚ বাংলাদেশ ⓚ আমেরিকা ● যুক্তরাজ্য ⓖ ভারত

৮৮. **সর্বপ্রথম কত সালে কপিরাইট আইন প্রণয়ন হয়?**[পটুয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

● ১৬৬২ ⓚ ১৭৬২ ⓖ ১৮৬২ ⓖ ১৯৬২

৮৯. **বাংলাদেশে কপিরাইট আইনের মেয়াদ কত?**[সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর]

ⓚ ৫০ বছর ⓚ ৫৫ বছর ● ৬০ বছর ⓖ ৬৫ বছর

৯০. **বাংলাদেশে কপিরাইট আইন চালু হয় কত সালে?** (জ্ঞান)

ⓚ ১৯৯৯ ● ২০০০ ⓖ ২০০১ ⓖ ২০০২

৯১. **কোনো সৃজনশীল কর্মের কপিরাইট ভঙ্গ করে সেটি পুনরুৎপাদন করা হলে, তাকে কী বলে?** (অনুধাবন)

ⓚ নকল কপি ● চোরাই কপি ⓖ কৃত্রিম কপি ⓖ বাতিল কপি

৯২. **রীমা পড়ালেখার কাজে একটি বই ফটোকপি করে, যা কপিরাইট আইন ভঙ্গ করে না। একে কী বলে?**[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ⓚ লোকাল ইউজ ● ফেয়ার ইউজ ⓖ নোইউজ ⓖ ব্যাক ইউজ

৯৩. **বাংলাদেশের বিখ্যাত সাহিত্যিক আল মাহমুদ তার লেখা বই সবাইকে কপি করার অনুমতি দিতে চান। এজন্য তাকে কোনটি অনুসরণ করতে হবে?** (প্রয়োগ)

ⓚ কপিরাইট ● কপিলেফট
ⓖ ক্রিয়েটিভ কমন্স ⓖ ওপেন সোর্স ফিলসফি

৯৪. **কপিরাইটের উল্টো কোনটি?**[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ⓚ লিফলেফট ● কপিলেফট ⓖ চোরাই কপি ⓖ ফেয়ার ইউজ

৯৫. **কপিরাইট আর কপিলেফটের মাঝখানে কী থাকে?** (জ্ঞান)

● সৃজনী সাধারণ ⓚ অনন্য সাধারণ ⓖ সৃষ্টি সাধারণ ⓖ মুক্ত দর্শন

৯৬. **কোনো লেখকের সৃষ্ট সৃজনশীল কর্মকে শর্তসাপেক্ষে সবার উন্মুক্ত দর্শনকে কী বলে?** (জ্ঞান)

ⓚ ওপেন ফিলসফি ● ওপেন সোর্স ফিলসফি
ⓖ ক্রিয়েটিভ ফিলসফি ⓖ ফেয়ার ফিলসফি

৯৭. **নিচের কোনটি মুক্ত দর্শনের একটি বড় প্রকাশ?**[ভোলা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ⓚ গুগল ক্রোম ⓚ অপেরা মিনি ⓖ ইয়াহু ● উইকিপিডিয়া

৯৮. **উইকিপিডিয়ার ওয়েব অ্যাড্রেস কোনটি?** (জ্ঞান)

ⓚ www.wikipedia.edu ● www.wikipedia.org
ⓖ www.wikipedia.adm ⓖ www.wikipedia.com

৯৯. **বিশ্বের বৃহত্তম মুক্ত জ্ঞানভান্ডার কোনটি?** [চট্টগ্রাম সর.উ.বিদ্যা.]

ⓚ এনসাইক্লোপিডিয়া ⓚ বাংলাপিডিয়া
● উইকিপিডিয়া ⓖ ইউনিপিডিয়া

১০০. **মুক্ত দর্শনের আওতায় যে কম্পিউটার সফটওয়্যারগুলো প্রকাশিত হয় সেগুলোকে কী বলা হয়?** [পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যা.]

● ওপেন সোর্স সফটওয়্যার ⓚ ক্লোজ সোর্স সফটওয়্যার
ⓖ কাস্টমাইজ সফটওয়্যার ⓖ ফেয়ার সফটওয়্যার

১০১. **নিচের কোন যন্ত্র আবিষ্কার হওয়ার পর বই কপি করা বা নকল করা সহজ হয়েছে?** [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল]

ⓚ ডিজিটাল ক্যামেরা ⓚ স্ক্যানার
● কম্পিউটার ⓖ মুদ্রণ যন্ত্র

১০২. **সৃজনশীল কর্মের স্রষ্টা সবাইকে তার কাজ কপি করার সানন্দে অনুমতি দিলে তাকে কী বলে?** [আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজ, মতিঝিল]

● কপি লেফট ⓚ সৃজনী সাধারণ ⓖ ক্রিয়েটিভ কমন্স ⓖ ফেয়ার ইউজ

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

১০৩. **আমাদের জীবনযাপনের জন্য প্রয়োজন–** (অনুধাবন)

i. জাগতিক সম্পদ ii. বুদ্ধিভিত্তিক সম্পদ
iii. প্রাতিষ্ঠানিক সম্পদ

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১০৪. **মানবিক গুণকে লালন করার উদাহরণ হলো–** (অনুধাবন)

i. গান শোনা ii. ছবি আঁকা
iii. কম্পিউটারে গেম খেলা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

১০৫. **মানুষ স্বভাবতই তার সব ধরনের সম্পদকে–** (অনুধাবন)

i. আঁকড়ে রাখতে চায় ii. রক্ষা করতে চায়
iii. দান করতে চায়

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১০৬. **বস্তুগত সম্পত্তিগুলোর বৈশিষ্ট্য হলো–** (অনুধাবন)

i. কেউ চাইলেই সেটি নিয়ে যেতে পারে
ii. কেউ চাইলেই সেটি নিয়ে যেতে পারে না
iii. কেউ চাইলেই আরেকটা একই রকম বানাতে পারে না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚ i ও iii ● ii ও iii ⓖ i, ii ও iii

১০৭. **কপিরাইট আইন তৈরি করা হয়েছে–** (অনুধাবন)

i. সৃজনশীল সৃষ্টিকর্মের কপি বন্ধ করার জন্য
ii. সৃজনশীল সৃষ্টিকর্মের অবৈধ ব্যবহার বন্ধ করার জন্য

iii. সৃজনশীল কর্মের স্রষ্টার অধিকার অক্ষুণ্ন রাখার জন্য

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১০৮. সিরাজ আলী একজন অসৎ বই ব্যবসায়ী। অন্যের বই কপি বা নকল করার ক্ষেত্রে সে যেগুলো ব্যবহার করতে পারবে–** (প্রয়োগ)

i. মুদ্রণযন্ত্র ii. কম্পিউটার iii. ইন্টারনেট

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১০৯. বর্তমানে মেধাস্বত্ব সংরক্ষণের আওতায় রয়েছে–** (প্রয়োগ)

i. বই ii. বিভিন্ন আবিষ্কার iii. ব্যবসায়ের মার্কা

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১১০. জনাব হারুন তার সৃজনশীল সৃষ্টিকর্ম অন্যকে ব্যবহার করতে দিতে চান। এজন্য তিনি অনুসরণ করতে পারেন–** (প্রয়োগ)

i. ওপেন সোর্স ফিলসফির মাধ্যমে

ii. কপিলেফটের মাধ্যমে

iii. ওপেন সোর্স সফটওয়্যারের মাধ্যমে

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১১১. ওপেন সোর্স সফটওয়্যারের বৈশিষ্ট্য হলো–** (অনুধাবন)

i. খুবই শক্তিশালী ii. সবাই ব্যবহার করতে পারে

iii. সবাই কপি এবং পরিবর্তন করতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১১২. কপিরাইট আর কপিলেফটের মাঝখানে রয়েছে—** (অনুধাবন)

i. ওপেন সোর্স ফিলসফি ii. সৃজনী সাধারণ

iii. ক্রিয়েটিভ কমন্স

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii ● ii ও iii ঘ i, ii ও iii

**১১৩. সামাজিক নেটওয়ার্কগুলো হলো–** (অনুধাবন)

i. ফেসবুক ii. লিংকড–ইন

iii. টুইটার

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১১৪ ও ১১৫ নং প্রশ্নের উত্তর দাও :**

জনাব নুর ইসলাম একজন নামকরা লেখক। প্রকাশকরা তার রয়্যালটির সাথে বই তৈরি ও বাজারজাতকরণের যাবতীয় খরচ যোগ করে বিক্রয় মূল্য নির্ধারণ করেন।

**১১৪. জনাব নুর ইসলাম তার প্রতিটি বইয়ের জন্য পকাশকদের নিকট থেকে রয়্যালটি পান। কারণ বই লেখার ক্ষেত্রে তিনি তার–** (উচ্চতর দক্ষতা)

i. শ্রম বিনিয়োগ করেছেন ii. সময় ব্যয় করেছেন

iii. চিন্তাশক্তি ব্যয় করেছেন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

**১১৫. বাংলাদেশের কপিরাইট আইন অনুযায়ী কত বছর পর্যন্ত জনাব নুর ইসলামের লেখা বইয়ের ওপর তার অধিকার অক্ষুণ্ন থাকবে?** (প্রয়োগ)

ক ৫০ ● ৬০ গ ৭০ ঘ ৮০

**পাঠ ২৪-২৬ : নৈতিকতা ও প্লেজারিজম ■ পৃষ্ঠা- ৪৭ - ৫১**

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১১৬. কেউ যদি শুধু কৌতূহলী হয়ে অন্যের ওয়েবসাইটে ঢুকে কোনো ক্ষতি না করে বেরিয়ে আসে তাকে কী বলে?** (জ্ঞান)

● White hat hacker খ Black hat hacker

গ Red hat hacker ঘ Blue hat hacker

**১১৭. যেসব হ্যাকার অন্যের ওয়েবসাইটে ঢুকে ক্ষতি করে তাদের কী বলে?** [বরগুনা জিলা স্কুল]

ক White hat hacker ● Black hat hacker

গ Blue hat hacker ঘ Red hat hacker

**১১৮. হ্যাকাররা কোথায় ঘুরে বেড়াচ্ছে?** (জ্ঞান)

ক পৃথিবীতে ● সাইবার ওয়ার্ল্ডে গ মহাবিশ্বে ঘ মহাশূন্যে

**১১৯. ১৯৮৩ সালে কোন দেশের প্রতিরক্ষা বাহিনীর আন্তর্জাতিক যোগাযোগের নিরাপত্তা ভেদ করে তাদের ওয়েবসাইট হ্যাক করা হয়েছিল?** (জ্ঞান)

ক যুক্তরাজ্যের ● যুক্তরাষ্ট্রের গ ব্রাজিলের ঘ রশিয়ার

**১২০. কত সালে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বাহিনীর আন্তর্জাতিক যোগাযোগের নিরাপত্তা ভেদ করে তাদের ওয়েবসাইট হ্যাক করা হয়?** [আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ক ১৯৮০ খ ১৯৮১ গ ১৯৮২ ● ১৯৮৩

**১২১. কত বছর বয়সী ছেলে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা বাহিনীর আন্তর্জাতিক যোগাযোগের নিরাপত্তা ভেদ করে তাদের ওয়েবসাইট হ্যাক করে?** [ক্যান্টনমেন্ট ইন্টারন্যাশনাল স্কুল, চট্টগ্রাম]

● ১৯ বছর খ ২০ বছর গ ২১ বছর ঘ ২২ বছর

**১২২. হ্যাকিং কোন ধরনের কাজ?**[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা]

ক নৈতিক খ যুক্তিযুক্ত ● অনৈতিক ঘ অযৌক্তিক

**১২৩. ইচ্ছে করে কোনো একটি ওয়েবসাইট অচল করে দেওয়া কিরূপ কাজ?** (অনুধাবন)

ক নৈতিক খ চ্যালেঞ্জমূলক কাজ

গ কৃতিত্বপূর্ণ ● অনৈতিক ও বেআইনি

**১২৪. সাইবার জগৎটা চোখের আড়ালে বলে সেখানে কী হয়?** (অনুধাবন)

ক প্রতারণা করার কোনো সুযোগ থাকে না

● প্রতারণার কাজটি হয় সবচেয়ে বেশি

গ নিজেকে আড়াল করে রাখা অসম্ভব হয়

ঘ নিজেকে লুকানোর কোনো ব্যাপার থাকে না

**১২৫. ইন্টারনেটে বড় একটা অপরাধ হয় কী নিয়ে?**[সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, রংপুর]

ক টাকা পয়সা খ প্রোগ্রাম গ ডেবিট কার্ড ● ক্রেডিট কার্ড

**১২৬. প্রতারকরা কীভাবে ক্রেডিট কার্ডের নম্বর জানার চেষ্টা করে?** (অনুধাবন)
ⓚ জটিল প্রোগ্রাম ব্যবহার করে ⓚ একাধিক নম্বর ব্যবহার করে
● মানুষকে প্রতারণা করে ধোঁকা দিয়ে ⓖ মানুষকে সত্য কথা দুর্বল করে

**১২৭. অপরাধীরা ইন্টারনেটের ভেতর দিয়ে কী পাচার করে?** (জ্ঞান)
ⓚ প্রয়োজনীয় অর্থ ⓚ অপ্রয়োজনীয় দ্রব্যাদি
ⓖ বৈধ কাজের তথ্য ● অবৈধ কাজের তথ্য

**১২৮. Melissa কী?** [রংপুর জিলা স্কুল]
ⓚ গেমস ⓚ ই-মেইল
● কম্পিউটার ভাইরাস ⓖ ওয়েবসাইট

**১২৯. ২004 সালে কোন ভাইরাস আড়াই লক্ষ কম্পিউটারকে আক্রান্ত করেছিল?** (জ্ঞান)
ⓚ Melissa ● Mydoom Worm
ⓖ Kriper ⓖ NIMDA

**১৩০. Mydoom Worm কী?** (জ্ঞান)
ⓚ ওয়েবসাইট ⓚ ইন্টারনেট
● কম্পিউটার ভাইরাস ⓖ ই-মেইল

**১৩১. ১৯৯৯ সালে কোন ভাইরাস শক্তিশালীভাবে সাইবার জগতকে আক্রমণ করেছিল?** (জ্ঞান)
ⓚ Mydoom worm ⓚ Polomycine
● Melissa ⓖ Hypocriza

**১৩২. Melissa ভাইরাস কখন শক্তিশালীভাবে সাইবার জগতকে আক্রমণ করেছিল?**[আইডিয়াল স্কুল এন্ড কলেজ, মতিঝিল, ঢাকা; গভ. ল্যাবরেটরি হাই স্কুল, খুলনা]
● ১৯৯৯ সালে ⓚ ২০০০ সালে ⓖ ২০০১ সালে ⓖ ২০০২ সালে

**১৩৩. ডেভিড স্মিথ কোন ভাইরাস তৈরি করেছিলেন?** (জ্ঞান)
● মেলিসা ⓚ মেনিন ⓖ নেনিসা ⓖ মোলিসা

**১৩৪. Melissa ভাইরাসের কারণে মাইক্রোসফট কোম্পানিকে কী করতে হয়েছিল?** (জ্ঞান)
ⓚ নতুন এন্টিভাইরাস তৈরি করতে হয়েছিল
● ই-মেইল সার্ভার বন্ধ রাখতে হয়েছিল
ⓖ কোম্পানিটি বন্ধ করে দিতে হয়েছিল
ⓖ কোটি কোটি টাকার সম্পদ নষ্ট করতে হয়েছিল

**১৩৫. ইন্টারনেট থেকে কোনো তথ্য হুবহু কপি করে নিয়ে নিজের নামে জমা দেয়াকে কী বলে?** (অনুধাবন)
ⓚ কপিরাইট ⓚ কপিলেফট ● পেরজারিজম ⓖ স্যোসালিজম

**১৩৬. কোনটি বর্তমান পৃথিবীতে একটি বড় সমস্যা হয়ে দাঁড়িয়েছে?** (জ্ঞান)
ⓚ ইন্টারনেট ⓚ ফেসবুক
ⓖ সাদা টুপি হ্যাকার ● পেরজারিজম

**১৩৭. প্লেজারিজমের কারণে সাংবাদিক ফরিদ জাকারিয়াকে তার দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়। তিনি কোন দেশের অধিবাসী ছিলেন?** (জ্ঞান)
● যুক্তরাষ্ট্র ⓚ রাশিয়া ⓖ চীন ⓖ জাপান

**১৩৮. মেলিসা (Melissa) ভাইরাস তৈরি করার অপরাধে ডেভিড স্মিথ এর কত বছরের জেল হয়েছিল?** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]
ⓚ বারো ● দশ ⓖ সতেরো ⓖ তেরো

**১৩৯. বর্তমানে বাংলাদেশের কত মানুষ ফেসবুক ব্যবহার করে?** [বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]
ⓚ প্রায় ১৫-২০ লক্ষ ● প্রায় ২৫-৩০ লক্ষ
ⓖ প্রায় ৩৫-৪০ লক্ষ ⓖ প্রায় ৪৫-৫০ লক্ষ

**১৪০. অন্যের ওয়েবসাইটের গোপন অংশে অবৈধভাবে ঢুকে পড়াকে কী বলা হয়?** [চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]
ⓚ ব্রাউজিং ⓚ স্মাগলিং ● হ্যাকিং ⓖ ট্যাগিং

**১৪১. কম্পিউটার ভাইরাস কী?** [নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
ⓚ একটি প্রোগ্রাম ● এক ধরনের জীবাণু
ⓖ ধুলাবালি ⓖ ক্ষতিকর সফটওয়্যার

**১৪২. ইন্টারনেট ব্যবহারে নৈতিকতা মানতে হয় কেন?** [গভ: মুসলিম হাই স্কুল, চট্টগ্রাম]
ⓚ নেশা হতে পারে ● আসক্তি হতে পারে
ⓖ বিপজ্জনক হতে পারে ⓖ একগুয়েমি আসতে পারে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৪৩. সাদা টুপি হ্যাকাররা অন্যের ওয়েবসাইটে ঢুকে** (অনুধাবন)
i. বেআইনিভাবে ii. কৌতূহল বশে iii. ক্ষতি করতে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৪৪. সাইবার ওয়ার্ল্ডে ঘুরে বেড়াচ্ছে–** (অনুধাবন)
i. অসংখ্য সাদা টুপির হ্যাকার ii. অসংখ্য কালো টুপির হ্যাকার
iii. অসংখ্য নীল টুপির হ্যাকার
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

**১৪৫. ইন্টারনেটে মত প্রকাশের বিশাল স্বাধীনতাকে অপব্যবহার করা যায়–** (অনুধাবন)
i. কাউকে আঘাত করে ই-মেইল পাঠিয়ে
ii. কাউকে হুমকি দিয়ে ই-মেইল পাঠিয়ে
iii. কারও সম্পর্কে মিথ্যা তথ্য ছড়িয়ে দিয়ে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৪৬. ওয়েবসাইট হ্যাকিং করা–** (অনুধাবন)
i. একটি অনৈতিক কাজ ii. একটি বেআইনি কাজ
iii. একটি চ্যালেঞ্জমূলক কাজ
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৪৭. পৃথিবীর অনেক বিভ্রান্ত মানুষ রয়েছে যারা ভুল বিশ্বাস নিয়ে বেঁচে আছে। এ ধরনের মানুষ ইন্টারনেট ব্যবহার করে পৃথিবীতে–** (উচ্চতর দক্ষতা)
i. হিংসা বিদ্বেষ ছড়িয়ে দিচ্ছে ii. জঙ্গিবাদ ছড়িয়ে দিচ্ছে
iii. হতাশা ছড়িয়ে দিচ্ছে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৪৮. অনেকে কম্পিউটার ভাইরাস তৈরি করে–** (অনুধাবন)

i. মজা করার জন্য ii. অপরাধ করার জন্য

iii. কম্পিউটারের উন্নয়নের জন্য

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৪৯. কম্পিউটার ভাইরাসের কারণে—** [রাজউক উত্তরা মডেল কলেজ, ঢাকা]

i. কম্পিউটার যন্ত্রাংশ নষ্ট হতে পারে

ii. কম্পিউটারে কাজের ব্যাঘাত হতে পারে

iii. কোটি কোটি টাকার সম্পদ নষ্ট হতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৫০. তথ্য প্রযুক্তির যুগে প্লেজারিজম–** (অনুধাবন)

i. অনেক বেড়েছে ii. ধরার কৌশল অনেক বেড়েছে

iii. করে অনেকে বড় ধরনের বিপদে পড়ছে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৫১. প্লেজারিজম এক ধরনের–** (অনুধাবন)

i. চুরি ii. অনৈতিক কাজ

iii. মহৎ কাজ

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৫২. প্লেজারিজম ধরার–** (প্রয়োগ)

i. নানা কৌশল আছে ii. হার্ডওয়্যার আছে

iii. সফটওয়্যার আছে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৫৩. আমরা নিজেরা প্লেজারিজম নামক অনৈতিক কাজ করা থেকে বিরত থাকব। কারণ–** (উচ্চতর দক্ষতা)

i. সেটা আমাদের জন্য বিপজ্জনক হতে পারে

ii. আমরা কখনই কোনো অন্যায় করব না

iii. আমরা বড় হয়ে একদিন এদেশের দায়িত্ব নেব

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৫৪. ইন্টারনেট একটি অত্যন্ত শক্তিশালী মাধ্যম। এই মাধ্যমটি ব্যবহারে আমরা–** (উচ্চতর দক্ষতা)

i. কখনো আসক্ত হব না ii. পেরজারিজম করব না

iii. নৈতিকতা দেখাব না

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৫৫. সবাই একই সঙ্গে ওয়েবসাইট ব্যবহারের ফলে–** (উচ্চতর দক্ষতা)

i. ওয়েবসাইটটি বসে যায় ii. ওয়েবসাইটটি সচল থাকে

iii. কেউ কিছু দেখতে পায় না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii ● i ও iii ⓖh i, ii ও iii

**১৫৬. ওয়েবসাইট অচল করা–** (অনুধাবন)

i. একটি অনৈতিক কাজ ii. একটি আইন পরিপন্থী কাজ

iii. একটি স্বীকৃত কাজ

**নিচের কোনটি সঠিক?**

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

**১৫৭. ইন্টারনেটে যেহেতু স্বাধীনভাবে মতামত প্রকাশ করা যায় সেহেতু–** (প্রয়োগ)

i. যে কেউ যেভাবে ইচ্ছা সেভাবে সেটা প্রকাশ করতে পারে

ii. মাঝে মাঝে অপব্যবহার করা যায়

iii. জনস্বার্থবিরোধী কিছু প্রকাশ না করা

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii ● i ও iii ⓖh i, ii ও iii

**১৫৮. আমরা লেখাপড়া করি–** (উচ্চতর দক্ষতা)

i. সত্যিকারের মানুষ হওয়ার জন্য

ii. অন্যায় সহ্য করার জন্য

iii. অন্যায়কে প্রশ্রয় না দেওয়ার জন্য

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh ii ও iii ● i ও iii ⓖh i, ii ও iii

**১৫৯. সত্যিকারের মানুষেরা–** (উচ্চতর দক্ষতা)

i. অন্যায় করে না ii. অন্যায় সহ্যও করে না

iii. নিজে অন্যায়কারীকে সাহায্য করে না

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৬০. ওয়েবসাইটে ফলাফল দেওয়া হয়–** (অনুধাবন)

i. পিএসসির ii. জেএসসির

iii. এইচএসসির

**নিচের কোনটি সঠিক?**[বিন্দুবাসিনী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, টাঙ্গাইল]

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬৭ ও ১৬৮ নং প্রশ্নের উত্তর দাও :**

নীলাকে তাদের বাংলা ম্যাডাম ইন্টারনেট ব্যবহার সম্পর্কে একটি রচনা বাড়ি থেকে লিখে আনতে বললেন। নীলা ব্যাপারটি তার বাবাকে জানালে সে ইন্টারনেট থেকে এ সম্পর্কে একটি রচনা প্রিন্ট করে দেয় এবং পরের দিন নীলা সেটি নিজের নামে ক্লাসে জমা দেয়।

**১৬৭. নীলা যে কাজটি করেছে তা—** (উচ্চতর দক্ষতা)

i. এক ধরনের চুরি

ii. বড় ধরনের অনৈতিক কাজ

iii. তার জন্য বিপজ্জনক হতে পারে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**১৬৮. নীলা যে অপরাধ করেছে তা নিচের কোনটি ব্যবহার করে ধরা যাবে?** (প্রয়োগ)

● সফটওয়্যার ⓚ হার্ডওয়্যার ⓖ এন্টি–ভাইরাস ⓘ ম্যালওয়্যার

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৬৯ ও ১৭০ নং প্রশ্নের উত্তর দাও :**

শাওন সপ্তম শ্রেণির ছাত্র। তার বাবা তাকে কম্পিউটার কিনে দিয়েছে। সে নিয়মিত একটু একটু করে কম্পিউটার শিখছে। বাবা তাকে কোনো দিন এক ঘণ্টার বেশি কম্পিউটার ব্যবহার করতে দেয় না।[চট্টগ্রাম সরকারি উচ্চ বিদ্যালয়]

**১৬৯. শাওনকে কম্পিউটারের কোনটি প্রতিরোধ করতে হবে?**

ⓚ কম্পিউটার ভাইরাস ⓛ সাইবার অপরাধ
ⓖ রোগ ব্যাধি ● কম্পিউটারের আসক্তি

**১৭০. শাওন কোন ডিভাইসটি বন্ধুত্ব করতে কাজে লাগতে পারে–**

i. কম্পিউটার গেম খেলে
ii. ইন্টারনেট সংযোগ দিয়ে
iii. ফেসবুক ব্যবহার করে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ⓛ i ও iii ● ii ও iii ⓘ i, ii ও iii

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭১ ও ১৭২ নং প্রশ্নের উত্তর দাও :**

হ্যাকিং করে বাংলাদেশের একটি নিরাপত্তার ওয়েবসাইট নষ্ট করে দিয়েছে। এ ধরনের হ্যাকিং করার একটি চক্র আছে। যাদের খুঁজে বের করা যায় না।

**১৭১. উপরিউক্ত অনুচ্ছেদে যারা ওয়েবসাইটটি নষ্ট করে দেয় তাদেরকে কী বলা হয়?** [সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রাম]

ⓚ সাদা টুপির হ্যাকার ● কালো টুপির হ্যাকার
ⓖ সাধারণ হ্যাকার ⓘ সবুজ টুপির হ্যাকার

**১৭২. এ ধরনের হ্যাকারকে খুঁজে পাওয়া যায় না কারণ–** (উচ্চতর দক্ষতা)

i. পাসওয়ার্ড দেওয়া যাবে না ii. অদৃশ্য একটি সাইবার জগৎ
iii. লোকচক্ষুর আড়ালে থাকে

**নিচের কোনটি সঠিক?**

ⓚ i ও ii ● ii ও iii ⓖ i ও iii ⓘ i, ii ও iii

## অতিরিক্ত সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন ॥ ১ ॥ ইন্টারনেট কী? ইন্টারনেট ব্যবহারের নিয়মগুলো লেখ।**

**উত্তর : ইন্টারনেট :** ইন্টারনেট হলো বিশ্বব্যাপী হাজারো কম্পিউটারের সমন্বয়ে গঠিত বিশাল এক নেটওয়ার্ক।

**ইন্টারনেট ব্যবহারের নিয়ম :** ইন্টারনেট ব্যবহারে সকলের তিনটি নিয়ম মেনে চলা উচিত। নিয়ম তিনটি হলো :

১. ইন্টারনেট কখনো একা অন্যের চোখের আড়ালে ব্যবহার করব না। সবসময় এমন জায়গায় বসে ইন্টারনেট ব্যবহার করব যেখানে সবাই আমাদের কম্পিউটারের স্ক্রিন দেখতে পায়।
২. ভুলেও কোনো অপরিচিত মানুষকে নিজের নাম, পরিচয়, ছবি বা পাসওয়ার্ড দেব না।
৩. ইন্টারনেট ব্যবহারের সময় হয়তো আমাদেরকে কেউ দেখছে না তবুও ইন্টারনেট ব্যবহারে আমরা কখনো অসংযত হব না, রূঢ় হব না, অশালীন হব না।

**প্রশ্ন ॥ ২ ॥ কম্পিউটারে ইন্টারনেট ব্যবহারের প্রথম নিয়মটি ব্যাখ্যা কর।**

**উত্তর :** কম্পিউটারে ইন্টারনেট ব্যবহারের প্রথম নিয়মটি হলো অপিরিচিত মানুষকে নিজের পরিচয়, নাম, ঠিকানা আর পাসওয়ার্ড দিতে হয় না। ইন্টারনেট ব্যবহারের সম্ভাব্য সমস্যা থেকে নিজেদের মুক্ত রাখতে আমাদের প্রত্যেকের উচিত এই নিয়মটি মেনে চলা। কেননা ইন্টারনেট ব্যবহার করে আমরা যখন অন্যদের সাথে যোগাযোগ করি তখন সম্পূর্ণ অপরিচিত মানুষজনের সাথেও আমাদের যোগাযোগ হয়ে যেতে পারে। এভাবে যোগাযোগ হওয়া অপরিচিত মানুষটি ভালো নাও হতে পারে। এমনও হতে পারে যে সে কোনো খারাপ উদ্দেশ্য নিয়ে ইন্টারনেটে হানা দিয়েছে। সেক্ষেত্রে আমরা যদি না বুঝে সরল মনে তাকে বিশ্বাস করে তার সাথে যোগাযোগ করি এবং তাকে আমাদের নাম, ঠিকানা, ছবি, পাসওয়ার্ড দিই তাহলে সে সেগুলো অসৎ উদ্দেশ্যে ব্যবহার করে আমাদের বিপদে ফেলে দিতে পারে। তাই ইন্টারনেট ব্যবহারের সময় কাউকে নিজের নাম, ঠিকানা, ছবি বা পাসওয়ার্ড দেওয়া থেকে আমাদের সবার বিরত থাকা উচিত।

**প্রশ্ন ॥ ৩ ॥ ইন্টারনেট ব্যবহারে সচেতনতা অবলম্বন করা জরুরি কেন?**

**উত্তর :** ইন্টারনেটে এমন অনেক ওয়েবসাইট রয়েছে যেগুলো খুব চমৎকার এবং আমরা সেগুলো উপভোগ করতে পারি। আবার তার পাশাপাশি অনেক বিপজ্জনক ওয়েবসাইট রয়েছে যেগুলো আমাদের দেখা উচিত নয়। কারণ সেগুলো আমাদের বয়স উপযোগী নয়। তাই আমরা যদি ইন্টারনেট ব্যবহারের নিয়ম ভঙ্গ করে সবার চোখের আড়ালে বসে সেগুলো দেখার চেষ্টা করি তাহলে আমরা জীবনে অনেক বড় ধরনের ধাক্কা খেতে পারি, আমাদের মন বিষিয়ে যেতে পারে। এরূপ পরিস্থিতি আমাদের মানসিক বিকাশের জন্য অত্যন্ত ক্ষতিকর। তাই ইন্টারনেট ব্যবহারে আমাদের প্রত্যেকের সচেতন হওয়া খুব জরুরি।

**প্রশ্ন ॥ ৪ ॥ আসক্তি বলতে কী বোঝায়? কেউ আসক্ত হলে কীভাবে বোঝা যায়?**

**উত্তর :** কেউ যখন কোনো কিছুতে আসক্ত হয়ে যায় তখন তার কাছে যুক্তি কাজ করে না। সে সম্পূর্ণ অযৌক্তিকভাবে সেই কাজটি বারবার করতে থাকে। আসক্তির কারণে তার সাধারণ কাণ্ডজ্ঞান উধাও হয়ে যায়।

**আসক্তি বোঝার উপায় :** কেউ কোনো একটা বিষয়ে আসক্ত হয়েছে কিনা সেটা বোঝা খুবই সহজ কাজ। যখন দেখা যাবে কেউ কোনো একটা কাজে মাত্রা ছাড়িয়ে ফেলেছে তখনই বুঝতে হবে সে সেই কাজে আসক্ত হয়ে গেছে। আমাদের দেশে টেলিভিশনে অনেক রকম কার্টুন দেখানো হয়। ছোট বাচ্চারা সেসব দেখে হেসে কুটি কুটি হয়। তারপর যখন সে টেলিভিশনের সামনে থেকে ওঠে যায় তখন কার্টুনের কথা ভুলে অন্য কাজে মন দেয়। কিন্তু যদি দেখা যায় কেউ টেলিভিশন ছেড়ে উঠতে পারছে না কিংবা যখনই টেলিভিশনের সামনে আসে তখনই শুধু কার্টুন দেখে তাহলে বুঝতে হবে কার্টুনের প্রতি তার আসক্তি জন্মেছে। এক্ষেত্রে তাকে আসক্তিমুক্ত করতে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**প্রশ্ন ॥ ৫ ॥ কম্পিউটারে আসক্তি বলতে কী বোঝায়? এ ধরনের আসক্তির কুফল বর্ণনা কর।**

**উত্তর : কম্পিউটারে আসক্তি :** একজন যখন তার মা-বাবা, ভাই-বোন, বন্ধু-বান্ধবকে সময় না দিয়ে সেই সময়টা কম্পিউটারের পেছনে দেয় তখন বুঝতে হবে তার কম্পিউটারে আসক্তি জন্মেছে।

**কম্পিউটারে আসক্তির কুফল :** কম্পিউটার ব্যবহার করতে করতে কেউ যদি এর প্রতি আসক্ত হয়ে পড়ে তাহলে তার নানা ধরনের সমস্যা হয়। কেউ যখন

সত্যিকারভাবে কম্পিউটারের প্রতি আসক্ত হয়ে যায় তখন সে কম্পিউটারের বাইরে কোনো কিছু নিয়ে চিন্তা করতে পারে না। আর আসক্ত হলে তার কাজকর্ম, লেখাপড়া, খাওয়া-দাওয়া, ঘুম কোনোটাই ঠিকমতো হয় না। ফলে তাদের মন মানসিকতা, চিন্তা-জগৎ, তাদের পৃথিবী সংকীর্ণ হয়ে আসে। তাই অন্য সবকিছুর মতো কম্পিউটারের ব্যবহারের ৰেত্রেও সময়সীমা লঙ্ঘন করা অত্যন্ত ৰতিকর।

**প্রশ্ন ॥ ৬ ॥ সামাজিক নেটওয়ার্কে যোগ দেওয়ার পক্ষে এবং বিপক্ষে পাঁচটি করে যুক্তি উপস্থাপন কর।**

**উত্তর :** সামাজিক নেটওয়ার্কে যোগ দিলে যেমন কিছু সুবিধা ভোগ করা যায় তেমনি এর পেছনে বেশি সময় ব্যয় করলে অনেক সমস্যাও সৃষ্টি হয়। নিচে সামাজিক নেটওয়ার্ক যোগ দেওয়ার পৰে এবং বিপৰে পাঁচটি করে যুক্তি উপস্থাপন করা হলো।

**সামাজিক নেটওয়ার্কে যোগ দেওয়ার পক্ষে যুক্তি :**

১. অনেক পরিচিত-অপরিচিত মানুষের সাথে সার্বৰণিক যোগাযোগ রাখা সম্ভব।
২. যেকোনো সময় স্ট্যাটাস দেওয়ার মাধ্যমে নিজের মনের অভিব্যক্তি প্রকাশ করা যায়।
৩. ছবি, ভিডিও, লেখালেখি ইত্যাদি শেয়ার করা যায়।
৪. অবসর সময়ের বিনোদন হিসেবে ব্যবহার করা যায়।
৫. নানান ধরনের তথ্য, নতুন নতুন মানুষ ও জায়গা সম্পর্কে জেনে নিজের জ্ঞানের পরিধি বৃদ্ধি করা যায়।

**সামাজিক নেটওয়ার্ক ব্যবহারের বিপক্ষে যুক্তি :**

১. সামাজিক নেটওয়ার্কের অতিরিক্ত ব্যবহারে অনেক সময় অপচয় হয়।
২. অনেক সময় ভুল তথ্য পেয়ে বিভ্রান্ত হতে হয়।
৩. নিজস্ব গোপনীয়তা রৰা করা কঠিন হয়।
৪. অন্যের দ্বারা প্রভাবিত হয়ে নিজস্বতা বাধা প্রাপ্ত হয়।
৫. সামাজিক নেটওয়ার্কের অতিরিক্ত আসক্তি শরীর ও মনের জন্য ৰতিকর।

**প্রশ্ন ॥ ৭ ॥ মুক্ত দর্শন কী? এর পক্ষে এবং বিপক্ষে চারটি করে যুক্তি দাও।**

**উত্তর : মুক্ত দর্শন :** কোনো লেখক, শিল্পী, প্রোগ্রামার বা নাট্যকার ইচ্ছে করলে তার সৃষ্ট সৃজনশীল কর্মকে শর্তসাপেৰে সবার কপি করার জন্য উন্মুক্ত করে দিতে পারেন। তার এই দর্শনকে বলে মুক্ত দর্শন।

**মুক্ত দর্শনের পক্ষে চারটি যুক্তি :**

১. মুক্ত দর্শনের ফলে অনেক সৃজনশীল কাজ আমরা বিনামূল্যে পাচ্ছি।
২. মুক্ত দর্শনের ফলে সৃজনশীল কাজগুলো দ্রবত সারাবিশ্বে ছড়িয়ে পড়ছে।
৩. মুক্ত দর্শনের ফলে মানুষের জ্ঞান চর্চার আগ্রহ বৃদ্ধি পেয়েছে।
৪. মুক্ত দর্শন সংরৰণবাদী মনোভাবের বিরবদ্ধে একটি সার্থক দর্শন।

**মুক্ত দর্শনের বিপক্ষে চারটি যুক্তি :**

১. মুক্ত দর্শনের ফলে সৃজনশীল কর্ম তথা শিল্পীকে অবমূল্যায়ন করা হচ্ছে।
২. মুক্ত দর্শনের সুযোগ নিয়ে এক শ্রেণির অসৎ ব্যবসায়ীরা লাভবান হচ্ছে।
৩. মুক্ত দর্শন সৃজনশীল ব্যক্তির সৃজনশীল কাজের ইচ্ছাকে ব্যাহত করে।
৪. মুক্ত দর্শন সৃজনশীল পৰের স্থায়িত্বকে হুমকির মুখে ফেলেছে।

**প্রশ্ন ॥ ৮ ॥ কপিরাইট ও কপিলেফট সম্পর্কে লেখ।**

**উত্তর : কপিরাইট :** একজন লেখক তার মেধা, সময় ও শ্রম দিয়ে যে বইটি লেখেন প্রকাশক সেটি প্রকাশ করে। এমন একটা ব্যবস্থা থাকা দরকার যেটি এই সৃজনশীল কর্মের যারা স্রষ্টা তাদের এই অধিকার অক্ষুণ্ণ রাখবে। পৃথিবীর দেশে দেশে এই সৃজনশীল কর্মের কপি বা পুনরৎপাদন, অবৈধ ব্যবহার ইত্যাদি বন্ধের জন্য আইনের বিধান রাখা হয়। যেহেতু এই আইন কপি বা পুনরৎপাদনের সংরৰণ নিয়ে তৈরি তাই এটিকে কপিরাইট আইন বা সংৰেপে কপিরাইট বলে।

**কপিলেফট :** কপিলেফট কপিরাইটের একেবারে উল্টো বিষয়। কপিলেফট দর্শনে সৃজনশীল কর্মের স্রষ্টা সবাইকে তার কাজ কপি করার জন্য সানন্দে অনুমতি দিয়ে থাকেন।

**প্রশ্ন ॥ ৯ ॥ চোরাই কপি কী? ইন্টারনেটের মাধ্যমে মানুষকে কীভাবে বিব্রতকর অবস্থার মধ্যে ফেলা হয়?**

**উত্তর : চোরাই কপি :** যখন কোনো সৃজনশীল কর্মের কপিরাইট ভঙ্গ করে সেটি পুনরৎপাদন করা হয় তখন সেটিকে বলা হয় চোরাই কপি। যেহেতু কম্পিউটারের বিষয়গুলো সহজে কপি করা যায় তাই এগুলোর চোরাই কপি পাওয়া যায় সবচেয়ে বেশি।

**ইন্টারনেটের মাধ্যমে মানুষকে বিব্রতকর অবস্থায় ফেলা :** ইন্টারনেটে যেহেতু নিজের মত প্রকাশের বিশাল স্বাধীনতা রয়েছে সেহেতু যে কেউ যেভাবে ইচ্ছা সেভাবেই সেটা প্রকাশ করতে পারে। তাই মাঝে মাঝে সেটাকে অপব্যবহার করা হয়। ই-মেইলে কাউকে আঘাত দিয়ে কিংবা হুমকি দিয়ে চিঠি পাঠিয়ে দেয়া হয়, এসব কাজ লুকিয়ে করা হয় বলে সেটা নিয়ে অনেক সময় কিছু করাও যায় না। কখনো কখনো দেখা যায় কোনো একজনকে অসম্মান করার জন্য তার সম্পর্কে মিথ্যা কিংবা অসম্মানজনক কোনো তথ্য ইন্টারনেটে ছড়িয়ে দেয়া হয়। অসংখ্য মানুষের কাছে তথ্য পাঠানোর যে কাজটা আগে কঠিন ছিল এখন সেটি অনেক সহজ হয়ে গিয়েছে, আর তার অপব্যবহারের শিকার হয়ে সাধারণ মানুষকে অস্বস্তিকর ও বিব্রতকর অবস্থার মধ্যে মাঝে মাঝে পড়তে হয়।

**প্রশ্ন ॥ ১০ ॥ ইন্টারনেটে ক্রেডিট কার্ড নিয়ে কী ধরনের অপরাধ হয় লেখ।**

**উত্তর :** ইন্টারনেটে ক্রেডিট কার্ড নিয়ে বড় ধরনের একটা অপরাধ হয় ক্রেডিট কার্ড হ্যাক করার মাধ্যমে। আজকাল টাকা পয়সার লেনদেন অনেকে করে ক্রেডিট কার্ড দিয়ে। ইন্টারনেটে ক্রেডিট কার্ড ব্যবহার করতে হলে সেই কার্ডটিরও প্রয়োজন হয় না বললেই চলে। কার্ডের নম্বর আর পাসওয়ার্ড জানলেই হলো। কাজেই মানুষের ক্রেডিট কার্ডের নম্বর জানার জন্য বড় বড় অপরাধীরা অনেক বড় বড় সাইবার অপরাধ করে। সাধারণত যখন ক্রেডিট কার্ড ব্যবহার করা হয় তখন নিরাপত্তার বিষয়টিতে অনেক গুরবত্ব দেয়া হয়, ফলে সেখান থেকে নম্বরটি বের করা কঠিন। কিন্তু প্রতারকরা প্রতারণার আশ্রয় নিয়ে মানুষকে ধোঁকা দিয়ে নম্বরটি জেনে নেয়ার চেষ্টা করে এবং মানুষটি বোঝার আগেই নম্বরটি ব্যবহার করে তার অ্যাকাউন্ট হতে বড় অঙ্কের অর্থ তুলে নেয়।

**প্রশ্ন ॥ ১১ ॥ সামাজিক নেটওয়ার্কের বন্ধু আর সত্যিকারের বন্ধুর মাঝে পার্থক্য ব্যাখ্যা কর।**

**উত্তর :** সামাজিক নেটওয়ার্কে থেকেও মানুষজনের অসামাজিক হয়ে যাবার এক ধরনের আশংকা থাকে। বর্তমানে যারা একে অন্যের সাথে সামাজিক নেটওয়ার্ক করে তারা অনেক সময় নিজেরা একে অন্যকে 'বন্ধু' বলে বিবেচনা করে এবং সামাজিক নেটওয়ার্কে একজন আরেকজনের কাছে তথ্য পাঠানোকেই বন্ধুত্ব বলে মনে করে। কিন্তু, প্রকৃতপৰে সত্যিকারের বন্ধুত্ব আরও অনেক গভীর, অনেক বেশি আন্তরিক, অনেক বেশি বাস্তব। কাজেই, তথ্য প্রযুক্তির বন্ধুত্বকে সত্যিকারের বন্ধুত্ব মনে করে কেউ যদি তাতেই সন্তুষ্ট হয়ে যায় তাহলে সে তার জীবনে অনেক বড় কিছু থেকে বঞ্চিত হবে।

**প্রশ্ন ॥ ১২ ॥ প্লেজারিজম কী? নিজের তৈরি করা কাজের সাথে এর পার্থক্য লেখ।**

**উত্তর : প্লেজারিজম :** লেখালেখির ক্ষেত্রে অন্য কোনো উৎস হতে কিছু তথ্য বা পুরোটা তথ্য হুবহু নিয়ে নিজের নামে চালিয়ে দেয়াকে পেরজারিজম বলে।

**প্লেজারিজমের সাথে নিজে তৈরি করা কাজের পার্থক্য লেখ :** পেরজারিজমের সাথে নিজের তৈরি করা কাজের পার্থক্য অনেক। নিচে সেই পার্থক্যগুলো বর্ণনা করা হলো :

| প্লেজারিজম | নিজের তৈরি করা কাজ |
|---|---|
| ১. পেরজারিজম খুব বড় ধরনের অনৈতিক কাজ। | ১. নিজের তৈরি করা কাজ আইনগতভাবে বৈধ এবং সৃজনশীল। |
| ২. পেরজারিজম শাস্তিযোগ্য অপরাধ। | ২. নিজের তৈরি করা কাজ প্রশংসার যোগ্য। |
| ৩. পেরজারিজম ত্যাগ করে অন্যের কাজকে সম্মান জানানো আমাদের দায়িত্ব। | ৩. ছোটবেলা থেকে শিশুদের মধ্যে এ অভ্যাসটি গড়ে তোলা প্রত্যেক মা–বাবার কর্তব্য। |
| ৪. কম্পিউটার সফটওয়্যার ব্যবহার করেও পেরজারিজম খুঁজে বের করা যায়। | ৪. সবাইকে সৃজনশীল কাজে উৎসাহিত করার জন্য সৃজনশীল ব্যক্তিদের সৃজনশীল কাজগুলোর জন্য সম্মানিত করা উচিত। |

**প্রশ্ন ॥ ১৩ ॥ ইন্টারনেটে মত প্রকাশের ক্ষেত্রে সাবধানতা অবলম্বন করা উচিত কেন?**

**উত্তর :** ইন্টারনেটে সবার নিজের মত প্রকাশের বিশাল স্বাধীনতা রয়েছে। যে কেউ যেভাবে ইচ্ছা সেভাবে সেটা প্রকাশ করতে পারে। অনেক সময় কাউকে আঘাত দিয়ে বা হুমকি দিয়ে ই–মেইলে চিঠি পাঠিয়ে দেওয়া হয়। কখনো কখনো দেখা যায় কোনো একজনকে অসম্মান করার জন্য তার সম্পর্কে মিথ্যা এবং অসম্মানজনক কোনো তথ্য ইন্টারনেটে ছড়িয়ে দেওয়া হয়। যা একটি অনৈতিক কাজ। সুতরাং, ইন্টারনেটে মত প্রকাশের ক্ষেত্রে আমাদের সাবধানতা অবলম্বন করা উচিত।

**প্রশ্ন ॥ ১৪ ॥ সামাজিক যোগাযোগ নেটওয়ার্কের গুরুত্ব তুলে ধর।**

**উত্তর :** মানুষের ভেতরে একটা তথ্য অতি দ্রুত ছড়িয়ে দেওয়ার জন্য সামাজিক নেটওয়ার্কগুলোর কোনো বিকল্প নেই। পৃথিবীর অনেক দেশে গণতন্ত্র নেই বলে সরকার জোর করে দেশটাকে শাসন করে এবং অনেক সময় এই সামাজিক নেটওয়ার্ক ব্যবহার করে সাধারণ জনগণ সংগঠিত হয় এবং রীতিমত আন্দোলন শুরু করতে পারে। আজকাল পৃথিবীর অনেক দেশের স্বৈরশাসক বা সামরিক শাসককে আন্দোলন করে সরিয়ে দেয়ার পেছনে সামাজিক নেটওয়ার্কগুলো অনেক বড় ভূমিকা রাখছে।